Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
Nagaon : Assam

2026

BENGALI

(Major)

Paper : BEN4400204 MJ

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ)

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) "দুলি দুহি পিটা ধরণ ন জাই।" পদটির রচয়িতা কে?

(খ) "টালত মোর ঘর নাহি পড়বেষী।
হাড়ীত ভাত নাহি নিতি আবেশী॥" এখানে 'আবেশী' শব্দটির আক্ষরিক অর্থ কী?

(গ) শ্রীকৃষ্ণের জন্ম কোন্ তিথিতে হয়েছিল?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট কয়টি খণ্ড আছে?

(ঙ) "নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে"—উক্ত বৈষ্ণব পদটি কোন্ পর্যায়ের পদ?

(চ) ''সই কেবা শুনাইল শ্যাম নাম''—এই পদটির রচয়িতা কে?

(ছ) ''ও পদ-পঙ্কজ লাগি, শঙ্কর হৈয়েছে যোগী গো।'' এখানে কার 'পদ-পঙ্কজ'-এর কথা বলা হয়েছে?

(জ) ''জয়া কি কথা কহিলি আমারে কিনিলি, কি দিলি শুভ সমাচার''—এই উক্তিটি কার?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশানুযায়ী উত্তর দাও (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) 'চর্যাপদ'-এ ব্যবহৃত যে কোনো দুটি রাগের নাম লেখো।

(খ) ''কাহেরে ঘিনি মেলি আচ্ছহু কীস''—পদটিতে 'ঘিনি' ও 'আচ্ছহু' শব্দ দুটির অর্থ লেখো।

(গ) ''সোনে ভরিতী _____ নাবী।
_____ থোই নাহি কে ঠাবী॥''
(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) ''দারুণী বুঢ়ী তোর বাপেত নাহিঁ লাজ।
তেকারণে মোক বোলসি হেন কাজ॥''
উক্তিটি কে, কার উদ্দেশ্যে করেছে?

(ঙ) শিশু কৃষ্ণকে বধ করার জন্য কংস যাদেরকে নিয়োজিত করেছিল তাদের মধ্যে যে কোনো দুজনের নাম উল্লেখ করো।

(চ) রাধার পিতা ও মাতার নাম কী ছিল?

Tihu Dhekiajuli Phookan College Library
Acc. No.
Date
Assam

(ছ) অভিসার কাকে বলে?

(জ) ''তাতল সৈকত বারিবিন্দু সম''—এই পদটির রচয়িতা কে? পদটি কোন্ ভাষায় রচিত?

(ঝ) ''যদি এসে মৃত্যুঞ্জয় উমা নেবার কথা কয়''—'মৃত্যুঞ্জয়' শব্দের অর্থ কী? এখানে 'মৃত্যুঞ্জয়' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঞ) ''মোরে হইয়া শুভোদয়, নাশ দিনমণি-ভয়,''—উক্তিটি কার? এখানে 'দিনমণি' বলতে কাকে বোঝানো হয়েছে?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ''কাআ তরুবর'' পদটির সারাংশ সংক্ষেপে আলোচনা করো।

(খ) ''কাহেরে ঘিনি মেলি আচ্ছহু কীস''—পদটিতে 'হরিণা' ও 'হরিণী'র রূপকার্থ আলোচনা করো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের জন্মখণ্ড অবলম্বনে শ্রীকৃষ্ণের জন্মবৃত্তান্ত আলোচনা করো।

(ঘ) বড়াইর দেওয়া বর্ণনানুযায়ী শ্রীরাধার রূপ বর্ণনা করো।

(ঙ) ব্যাখ্যা করো—
''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥''

(চ) "কণ্টক গাড়ি কমল সম-পদতল"—পদটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ছ) "গিরিরাণি, এই নাও তোমার উমারে"—পদটিতে উমার যে স্বরূপ বর্ণিত হয়েছে তা তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

(জ) "ওহে প্রাণনাথ গিরিবর হে, ভয়ে তনু কাঁপিছে আমার"—বক্তা কে? তাঁর ভয়ে তনু কাঁপার কারণ ব্যাখ্যা করো।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : ১০×২=২০

Anandaram Dhekial Phookan College Library
Acc. No.
Date
Nagaon : Assam

(ক) 'চর্যাপদের' অন্তর্গত তোমার পাঠ্য পদগুলিতে প্রতিফলিত তৎকালীন সমাজজীবন সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য অবলম্বনে 'তাম্বুলখণ্ড'-এর কাহিনি সংক্ষেপে বর্ণনা করো।

(গ) তোমার পঠিত পদগুলো অবলম্বনে কবি চণ্ডীদাসের কাব্যপ্রতিভা সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো।

(ঘ) 'শাক্ত পদাবলী'র 'আগমনী' ও 'বিজয়া' পর্যায় বলতে কী বোঝো? এই দুটি পর্যায়ে বাৎসল্য রসের যে মধুর চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।

(ঙ) 'চর্যাপুঁথি'র ১০ম পদটির ('নগর বাহিরি') আক্ষরিকার্থ ও অন্তর্নিহিত ভাবার্থ তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

★★★